দৈনিক বাংলা

তারিখ 29 JAN 1996
পৃষ্ঠা ৭ কলাম ১

# হরতালের কারণে ঢাকা ভার্সিটির অনার্স পরীক্ষা আবার পিছালো

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ আবারও পিছিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স এবং মাস্টার্স ফাইনাল পরীক্ষা হরতালের কারণে। আজ সোমবার অনুষ্ঠিত হবার কথা ছিল এই পরীক্ষাগুলি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল রাতে পরীক্ষা পিছানোর সংবাদ জানানো হয়েছে।

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## হরতালের কারণে

(প্রথম পৃষ্ঠার পর)

পিছিয়ে যাওয়া পরীক্ষাগুলির মধ্যে আরবি (৩০৫), দর্শন (সর্বাত্মক), অর্থনীতি (সর্বাত্মক) পরীক্ষা আগামী দুই ফেব্রুয়ারী অনুষ্ঠিত হবে। সমাজবিজ্ঞান (৩১৮) পরীক্ষা আগামী ২১ মার্চ, সমাজবিজ্ঞান (সর্বাত্মক) ২৭ মার্চ সকাল ৯টা থেকে দুপুর ১২টায় অনুষ্ঠিত হবে।

এছাড়া, শেষপর্ব লোক প্রশাসনের (সর্বাত্মক) পরীক্ষা আগামী ৯ ফেব্রুয়ারী শুক্রবার দুপুর ১টা ত্রিশ মিনিট থেকে বিকাল সাড়ে পাঁচটায় অনুষ্ঠিত হবে।